গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সিলেট সরকারি কলেজ, সিলেট
www.sylgovcollege.edu.bd
email: principal_sgc@yahoo.com
ফোনঃ০২৯৯৬৬৪১৪৩৫

1268

তারিখ: ১২.১২.২০২২

## ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ২য় মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের কোর্স পরিবর্তন ও কোটার মেধা তালিকা প্রকাশ সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি:

এতদদ্বারা সিলেট সরকারি কলেজে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) কোর্সে বি.এ / বি.এস.এস / বি.বি.এস শাখায় ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, ২য় মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের কোর্স পরিবর্তন ও কোটা মেধা তালিকা ১৫ ডিসেম্বর ২০২২ খ্রি. তারিখ বিকাল ৪:০০ টায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

এ সংক্রান্ত সকল কার্যক্রম নিম্নলিখিত সময়সূচি অনুযায়ী সম্পন্ন হবে।

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ০১ | ২য় মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যারা কোর্স পরিবর্তন করতে ইচ্ছুক তাদের কোর্সের ভর্তির প্রিন্ট / পিডিএফ কপি সংগ্রহের তারিখ: | ১৫.১২.২০২২ খ্রি. হতে ২৭.১২.২০২২ খ্রি. |
| ০২ | কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ: শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Application Login অপশনে Degree Pass Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে এর প্রিন্ট কপি সংগ্রহ করতে হবে। | ১৫.১২.২০২২ খ্রি. হতে ২৭.১২.২০২২ খ্রি. |
| ০৩ | কোটার মেধা তালিকার স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি ফরম ও রেজিস্ট্রেশন ফি নিম্নোক্ত পদ্ধতিতে জমাদেয়ার তারিখ: **https://sbl.com.bd:7070** লিংকে প্রবেশ করে অথবা **Sonali eSheba** মোবাইল অ্যাপ **"National University Fees"** মেন্যু থেকে **"Admission Fee"** অপশনে প্রবেশ করে প্রয়োজনীয় তথ্য প্রদান করে ফি বাবদ ৩,২৫০/- (তিন হাজার দুইশত পঞ্চাশ) টাকা জমা দিতে হবে। **(Admission Roll এর ঘরে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডাউনলোডকৃত ফরমের Admission Roll No লিখতে হবে।)** | ১৮.১২.২০২২ খ্রি. হতে ২৮.১২.২০২২ খ্রি. |

**শিক্ষার্থীর করণীয়:**

১. ২য় মেধাতালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের কোর্স পরিবর্তন, কোটার মেধা তালিকায় ভর্তি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম ১২.১২.২০২২ খ্রি. তারিখে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তির শর্ত অনুসরণ পূর্বক সম্পন্ন করতে হবে।
২. ভর্তিচ্ছু শিক্ষার্থীদেরকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে যথাযথভাবে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।
৩. শিক্ষার্থীদের টাকা জমা দিয়ে প্রাপ্ত এসএমএস থেকে ট্রানজেকশন নম্বরটি সংগ্রহ করে ভর্তি ফরমে অনলাইন কপির নিচে লিখতে হবে। ভর্তি প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত এসএমএসটি সংরক্ষণ করে রাখতে হবে।
৪. চান্সপ্রাপ্ত শিক্ষার্থীদেরকে নিম্নোক্ত কাগজাদি কলেজের হিসাব শাখায় জমা দিতে হবে।

**ভর্তির আবেদনের সাথে যে যে কাগজপত্রাদি কলেজে জমা দিতে হবে:**

১. অনলাইনে পূরণকৃত ভর্তির চূড়ান্ত আবেদন ফরম।
২. এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল মার্কশীট।
৩. এসএসসি ও এইচএসসি পরীক্ষার মার্কশীট এবং রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি (১ কপি করে)।
৪. পাসপোর্ট সাইজের ছবি ০৪ কপি এবং স্ট্যাম্প সাইজের ছবি ০২ কপি।
৫. ১০×১২ ইঞ্চি একটি খাম ও খামের উপরে নাম, ঠিকানা ও ফোন নম্বর লিখতে হবে।

**ভর্তির সময়সূচী:**

১৫.১২.২০২২ হতে ২৭.১২.২০২২ তারিখ সকাল ১১ টা হতে দুপুর ২ টা পর্যন্ত ।

**বি.দ্রঃ কোভিড-১৯ মহামারীর কারণে সরকার নির্দেশিত স্বাস্থ্যবিধি মেনে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।**

প্রফেসর আবুল আনাম মোঃ রিয়াজ
আইডি নং- ০০৪০১৩
অধ্যক্ষ
সিলেট সরকারি কলেজ, সিলেট

CamScanner

# জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং-১০(২২৫)জাতী:বি:/রেজি:/একা:/২০১৮/অংশ-২/২৬৮২ তারিখ: ১২/১২/২০২২

## ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ২য় মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের কোর্স পরিবর্তন, কোটার মেধা তালিকা প্রকাশ ও কলেজ কর্তৃক চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ২য় মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের কোর্স পরিবর্তন ও কোটার মেধা তালিকা ১৫ ডিসেম্বর ২০২২ তারিখ বিকাল ৪টায় প্রকাশ করা হবে। উক্ত ফলাফল **SMS** (nu<space>atdg<space>roll no. টাইপ করে **16222** নম্বরে **send** করতে হবে) এর মাধ্যমে একইদিন বিকাল ৪টা থেকে এবং ভর্তি বিষয়ক ওয়েবসাইটে **(www.nu.ac.bd/admissions)** রাত ৯টা থেকে পাওয়া যাবে।

উল্লেখ্য যে, কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু কোন শিক্ষার্থী স্নাতক (পাস)/স্নাতক (সম্মান)/স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত থাকলে তাকে অবশ্যই ২৬ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারণে ঐ শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। এছাড়া কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থীদের কোর্স পরিবর্তন করার কোন সুযোগ থাকবে না।

এ ভর্তি কার্যক্রমের বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Prospectus/Important Notice** অপশন থেকে জানা যাবে।

**২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে কোটার মেধা তালিকার ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে**

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ১) | ২য় মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্য থেকে যাদের কোর্স পরিবর্তন হবে তাদের পরিবর্তিত কোর্সের ভর্তি ফরম এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ:<br>উল্লেখ্য যে, কোন শিক্ষার্থীর কোর্স পরিবর্তন হলে তার পূর্বের কোর্সের ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তিত কোর্সে তার ভর্তি নিশ্চিত হবে। তবে কোন শিক্ষার্থীর কোর্স পরিবর্তন না হলে তার পূর্বের কোর্সের ভর্তি বহাল থাকবে।<br>ক) কোর্স পরিবর্তনের ফরম সংশ্লিষ্ট কলেজ কর্তৃক অনলাইনে নিশ্চয়ন করতে হবে না।<br>খ) কোর্স পরিবর্তনের ক্ষেত্রে শিক্ষার্থীকে কোন ফি প্রদান করতে হবে না। | ১৫/১২/২০২২ থেকে ২৭/১২/২০২২ |
| ২) | কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ:<br>শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **(www.nu.ac.bd/admissions)** Applicant Login অপশনে Degree Pass Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে এর প্রিন্ট কপি সংগ্রহ করতে হবে। | ১৫/১২/২০২২ থেকে ২৭/১২/২০২২ |
| ৩) | কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি ফরম ও রেজিস্ট্রেশন ফি [শিক্ষার্থী প্রতি ৪৮৫/-(চারশত পঁচাশি) টাকা হারে] সংশ্লিষ্ট কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) জমা দেয়ার তারিখ: | ১৮/১২/২০২২ থেকে ২৮/১২/২০২২ |
| ৪) | কলেজ কর্তৃক কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি অনলাইনে নিশ্চয়ন করার তারিখ:<br>কলেজ কর্তৃপক্ষকে কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত সকল তথ্য, ছবি ও যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত কোটার সনদ যাচাই করে চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে হবে। কোন শিক্ষার্থীর ভর্তি ফরমে প্রদর্শিত তথ্য, ছবি ও কোটার সনদে অসংগতি অথবা গড়মিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে শিক্ষার্থীর ভর্তি নিশ্চয়ন না করে বিষয়টি লিখিতভাবে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবর জানাতে হবে। | ১৯/১২/২০২২ থেকে ২৯/১২/২০২২ |
| ৫) | কলেজ কর্তৃক কোটার মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত রেজিস্ট্রেশন ফি [শিক্ষার্থী প্রতি ৪৮৫/- (চারশত পঁচাশি) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ:<br>এ লক্ষ্যে কলেজকে Login এর মাধ্যমে Admission Payment Info (Degp.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে। Pay Slip এ ২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) "রেজিস্ট্রেশন ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- **0218100000134** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। | ০১/০১/২০২৩ থেকে ০৫/০১/২০২৩ |

বি: দ্র: সংশ্লিষ্ট সকলকে কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে এ ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

১২.১২.২০২২

(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)
ডিন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন: ০২-৯৯৬৬৯১৫৬৮
ইমেইল: *degpassnu@gmail.com*

স্মারক নং-১০(২২৫)জাতী:বি:/রেজি:/একা:/২০১৮/অংশ-২/২৬৮২ তারিখ: ১২/১২/২০২২

১। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
২। সচিব, ভাইস চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। অফিস কপি

১২.১২.২০২২

(মোহাম্মদ হোসেন)
উপ-রেজিস্ট্রার (ডিগ্রী পাস)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪



CamScanner